

বিজিএ/হিসাব/২০২৪/ ২৬৮

২৯ অক্টোবর ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : বিজিএমইএ'র সম্মানিত সদস্যগণের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহণ ও আয়কর রিটার্ন দাখিলসহ অন্যান্য আইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র : উপ-কর কমিশনার, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা'র বিবিধ/কঃঅঃ-১৪/২০২৪-২০২৫/১০৪ তারিখঃ ২১/১০/২০২৪ইং


উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ (১১) অনুযায়ী “ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে” আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করা বাধ্যতামূলক করা হয়েছে। বিজিএমইএ'র সকল সদস্যের রিটার্ন দাখিলের তথ্য প্রদানের জন্য উপ-কর কমিশনার, কর সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা সূত্রোক্ত পত্র জারী করেছে।

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের'কে আগামী ১০/১১/২০২৪ইং তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক আপনার প্রতিষ্ঠানের ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন দাখিলের তথ্য প্রয়োজনীয় দলিলাদিসহ বিজিএমইএ-তে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Administration	Gas & Electricity
Accounts	Health
Arbitration	Insurance
Customs	Labour
CMC	Membership
C & M	MIS
Communication	PR
Fair	TFC
Fire & Safety	SDP
Signature	
Dispatch No: ২৬২০	Date: ২৬/১০/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ কর কমিশনারের কার্যালয়

কর সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা

১২/১, বিজয় নগর, আত-তুরীক টাওয়ার (৭ম তলা), ঢাকা।

নথি নং/বিবিধ/কঃ অঃ-১৪/২০২৪-২০২৫/৩০৪

বাংলাদেশ গ্যাসেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স ৭/৭ এ, সেক্টর-১৭,

ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

বিষয়ঃ ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যদের “রিটার্ন দাখিলের প্রমাণ” প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ (১১) অনুযায়ী “ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে” আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করা বাধাতামূলক করা হয়েছে। উল্লেখ্য যে, রিটার্ন দাখিলে প্রমাণ বলতে বুঝাবে:

- রিটার্ন দাখিলের প্রত্যয়ন বা প্রাপ্তি স্বীকার পত্র;
- করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট;বা
- করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত উপ কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের সদস্যগণ আপনার বরাবরে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করেছেন কিনা তা যাচাইয়ের জন্য নিম্ন ছক পূরণ করে আগামী ১৪/১১/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য সর্বিনয় অনুরোধ করছি। বিনয়ের সাথে অবহিত করছি যে আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ এর ৭ নং উপধারায় “রিটার্ন দাখিলের প্রমাণ” যাচাইয়ে ব্যর্থ হলে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে অনধিক ১০ লক্ষ টাকা জরিমানা আরোপের বিধান আছে।

“ছক”

ক্র.নং.	বিজিএমইএ সদস্যের নাম ও ঠিকানা	TIN	আয়কর রিটার্ন দাখিল করেছেন কি না (হ্যা/না)	মন্তব্য
			২০২৩-২০২৪ করবর্ষ	
১	২	৩	৪	৫



২৩/১০/২৪
(মির্জা আরসালান মুহিত)

উপ কর কমিশনার

সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা।